



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম



বিজ্ঞপ্তি

তারিখ : ০৩.০৪.২০২৩ খ্রি.

চট্টগ্রাম কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত স্নাতক (পাস) ও সমমান ১ম বর্ষ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী আর্থিকভাবে অসচ্ছল, অতি দরিদ্র তাদেরকে সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহয়তা ট্রাস্ট কর্তৃক উপবৃত্তি প্রদান করা হবে। স্নাতক (পাস) ও সমমান ১ম বর্ষ শিক্ষার্থীদেরকে অনলাইন আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আগামী ০৫.০৪.২০২৩ খ্রি. থেকে ০৬.০৪.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত সকাল ১০:০০ থেকে দুপুর ০১:০০ টার মধ্যে রসায়ন বিভাগের অধ্যাপক ড. এ.কে.এম. সামছু উদ্দিন আজাদ এর নিকট পূরণকৃত ফরম জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

শর্তসমূহ ও কাগজপত্র :

- ১। অবিবাহিত হতে হবে।
- ২। শিক্ষার্থী মেধাবী ও অতি দরিদ্র হতে হবে।
- ৩। এসএসসি পরীক্ষা পাশের নম্বরফর্দের ফটোকপি।
- ৪। শিক্ষার্থীর ছবি ০২ কপি ও পিতা/মাতা (শুধুমাত্র পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও ০১ কপি ছবি
- ৫। শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন এর ফটোকপি (১৭ ডিজিটের হতে হবে)
- ৬। অনলাইন/এজেন্ট ব্যাংক এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১৩-১৭ ডিজিট এবং মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১১-১২ ডিজিট হতে হবে।
- ৭। পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলা হলে তাদের একাউন্ট নম্বর দিতে হবে।
- ৮। সরকারি অন্য কোন উৎস থেকে মেধা বৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাত পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বিবেচিত হবে।
- ৯। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে শিক্ষার্থীরা এ উপবৃত্তির কর্মসূচির আওতাভুক্ত হবে না।

স্বাঃ/-

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

অনুলিপি :

- ১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম
- ৩। অফিস নথি।

Mozahid
03/04/23

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম